গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১২১

**আগামীকাল জাতীয় নিরাপদ সড়ক দিবস**

রাজশাহী; ৫ কার্তিক (২১ অক্টোবর):

আগামীকাল বুধবার (২২ অক্টোবর) জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০২৫। বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভার মাধ্যমে রাজশাহীতে দিবসটি উদযাপনের উদ্যোগ গ্রহণ করেছে বিআরটিএ এর রাজশাহী সার্কেল।এ উপলক্ষে আগামীকাল সকাল দশটায় রাজশাহী কালেক্টরেট চত্বর হতে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হবে। র‍্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে প্রতিপাদ্য বিষয়ে অনুষ্ঠিত হবেআলোচনা সভা। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

নিরাপদ সড়ক দিবসের এবারের প্রতিপাদ্য‘মানসম্মত হেলমেট ও নিরাপদ গতি, কমবে জীবন ও সম্পদের ক্ষতি’।

...................................................
আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৬:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd